

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 17-12-2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১। লোকসভায় আজ এক দেশ এক নির্বাচন সংক্রান্ত দুটি বিল পেশ করা হতে পারে।
- ২) মুখ্যমন্ত্রী নবান্নে গঙ্গাসাগর মেলার প্রস্তুতি এবং বাংলা বাড়ি প্রকল্পের আর্থিক সহায়তার বিষয়ে আজ পর্যালোচনা বৈঠকে বসতে চলেছেন।
- ৩) সান্দাকফু বেড়াতে গিয়ে শ্বাসকষ্টজনক কারণে পর্যটক মৃত্যুর প্রেক্ষিতে ওই রুটে একটি স্বাস্থ্য কেন্দ্র তৈরির প্রস্তাব করেছে জিটিএ।
- ৪) আর জি কর হাসপাতালের তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই ও রাজ্যের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে আজ চিকিৎসক সংগঠনের মধ্যে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ধর্না কর্মসূচী গ্রহণ করেছে।
- ৫) বঙ্গোপসাগরে ফের একটি নিম্নচাপ তৈরি হওয়ার কারণে দক্ষিণবঙ্গ জুড়ে গত কয়েকদিন ধরে চলা শীতের প্রকোপ আপাতত কমতে চলেছে।
- ৬) আই এস এল ফুটবলে আজ ইস্টবেঙ্গল যুব ভারতী ক্রীড়াসংগে পাঞ্জাব এফ সি-র মোকাবিলা করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

'এক দেশ এক ভোট' সংক্রান্ত দুটি বিল আজ লোকসভায় পেশ করা হবে। কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল সংবিধানের ১২৯ তম সংশোধনীর জন্য দ্য কনস্টিটিউশন বিল এবং দ্য ইউনিয়ন টেরিটোরিজ ল'জ সংশোধনী বিল লোকসভায় উত্থাপন করবেন। সম্প্রতি এক দেশ এক ভোট ব্যবস্থা চালু করার জন্য গঠিত উচ্চ পর্যায়ের কমিটি সরকারের কাছে সুপারিশ জমা দিয়েছে।

উল্লেখ্য, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে উচ্চ পর্যায়ের কমিটি তৈরি করেছিল সরকার। এই কমিটি সব রাজনৈতিক দল বিশেষজ্ঞ সহ সংশ্লিষ্ট স্বপক্ষের সঙ্গে আলোচনা ও তাদের মতামত গ্রহণ করেছে। এটি দুটি পর্যায়ে রূপায়িত হবে। প্রথম পর্যায়ে লোকসভা এবং সব রাজ্যের বিধানসভা এর বিরুদ্ধে ভোট একসঙ্গে হবে। অন্যদিকে সাধারণ নির্বাচনের ১০০ দিনের মধ্যে পঞ্চায়েত এবং পুরসভাগুলির ভোটও একসঙ্গে হবে।

এদিকে, বিজেপি আজ সংসদের নিম্ন কক্ষ লোকসভার অধিবেশনে দলের সব সাংসদদের উপস্থিত থাকার জন্য তিনি লাইনের হাইপ জারি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, এক দেশ ক ভোটের বিষয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, একাধিকবার ভোটদানের অধিকার সংবিধান, জনগনকে দিয়েছে। সেই সাংবিধানিক অধিকার সরকার খর্ব করছে বলে তিনি অভিযোগ করেন।

(বাইট- অভিষেক)

অন্যদিকে, বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্যের সমালোচনা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের অভিযোগ, তৃণমূল কংগ্রেসের শাসনকালে পশ্চিমবঙ্গে সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি হয়েছে।

(বাইট- সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৪-২৫-এর প্রথম পর্যায়ের অনুদানের অতিরিক্ত চাহিদা অনুমোদন নিয়ে গতকাল লোকসভায় আলোচনা হয়। সরকার সংসদে অতিরিক্ত ব্যয় খাতে ৮৭ হাজার ৭৬২ কোটি টাকার অনুমোদন চেয়েছে। ঝণ, দায়ভার এবং সুদ খাতে দেওয়ার জন্য মোট ৪৪ হাজার ১৪২ কোটি টাকার খসড়া প্রস্তাব রেখেছে। আলোচনার সূচনা করে কংগ্রেসের কে সি বেণুগোপাল অভিযোগ করেন গত কয়েক বছরে, তথ্য প্রযুক্তি, লজিস্টিক, খুচরো ব্যবসা, এফ এম সি জি এবং ব্যাঙ্কিং-এর মতো প্রধান ক্ষেত্রগুলিতে বেতন সেভাবে বাড়েনি। মুদ্রাস্ফীতি এবং সাক্ষ সজির দামও বেড়েছে অস্বাভাবিক হারে। বিজেপি-র উচ্চর সঞ্চয় জয়সোয়াল বলেন, সরকার কৃষকদের জন্যই অনুদানের অতিরিক্ত চাহিদা হিসেবে ২৫ হাজার কোটি টাকা দাবি করেছে।

(বাইট – সঞ্চয় জয়সোয়াল)

আলোচনায় অংশ নিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ সৌগত রায় অনুদানের অতিরিক্ত চাহিদা নিয়ে দলের কোন আপত্তি না থাকলেও দেশের অর্থনৈতিক বিকাশ এবং মুদ্রাস্ফীতির নিয়ন্ত্রণ নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, মুদ্রাস্ফীতির হার বাড়লে মধ্যবিত্ত সমাজ, সবচেয়ে বেশি সমস্যার মধ্যে পড়বে।

(বাইট - সৌগত রায়)

০০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন গঙ্গাসাগর মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বৈঠকে বসছেন। আজ বিকালে নবান্ন সভাঘরে প্রস্তাবিত ওই বৈঠকে অর্থ, পরিবহন, বিদ্যুৎ - সহ রাজ্যে মোট ১৭টি দফতরের শীর্ষ আধিকারিকদের থাকার নির্দেশ দেওয়া হয়েছে। দফতরের মন্ত্রীদেরও উপস্থিতি বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়াও যোগ দেবেন স্থানীয় সাংসদ এবং বিধায়করা।

এদিকে, বাংলার বাড়ি প্রকল্পে উপভোক্তাদের আর্থিক সহায়তা দেওয়ার আগে রাজ্য সরকার প্রকল্পটি নিয়ে আরো একবার পর্যালোচনা বৈঠকে বসতে চলেছে। গঙ্গাসাগর নিয়ে বৈঠকের পরেই হবে এই আলোচনা।

উল্লেখ্য চলতি মাস থেকেই রাজ্য সরকার এই প্রকল্পে সুবিধাভোগীদের ব্যাংক একাউন্টে প্রথম কিস্তির ৬০ হাজার টাকা করে দেওয়ার কাজ শুরু করবে বলে আগেই জানিয়েছে। আজকের বৈঠক থেকেই মুখ্যমন্ত্রী, এই টাকা দেওয়ার সূচনা করবেন বলেও প্রশাসনিক সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দাজিলিং এর সান্দাকফু বেড়াতে গিয়ে শ্বাসকষ্টজনিত কারনে একাধিক পর্যটকের মৃত্যুর পর মানেভঙ্গন - সান্দাকফু রুটে একটি স্বাস্থ্যকেন্দ্র তৈরি করার কথা জানিয়ে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন, রাজ্য সরকারের কাছে প্রস্তাব জমা দিয়েছে। সেখানে স্বাস্থ্য পরিকাঠামো তৈরি করার পাশাপাশি চিকিৎসক, স্বাস্থ্যকর্মী নিয়োগের কথাও প্রস্তাবে উল্লেখ করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, সান্দাকফু দর্শনে যাওয়া পর্যটকদের জন্যে আগামী বছরের শুরুতেই মানেভঙ্গনে তাদের শারীরিক পরীক্ষা বাধ্যতামূলক হতে চলেছে। সেইসঙ্গে সেখানে চবিশ ঘন্টার জন্যে একটি অ্যাম্বুলেন্স রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালের তরুণ পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই-কে দ্রুত অতিরিক্ত চার্জশিট জমা দেওয়া এবং ওই হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আদালতে চার্জশিট জমা দেওয়ায় সি বি আই-কে বাধা না দেওয়ার দাবিতে আজ চিকিৎসক সংগঠনের মধ্যে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেন্স ধর্না কর্মসূচী গ্রহণ করেছে। ধর্মতলার ডেরিনা ক্রিসিং-এ ধর্নায় বসতে চেয়ে কলকাতা পুলিশের কাছে অনুমতি চাইলেও তা মেলেনি। এরপরই তারা কলকাতা হাইকোর্টের দ্বারা হতে চলেছে বলে সংগঠনের প্রতিনিধি জানিয়েছেন।

(বাইট - ডাঙ্কার)

উল্লেখ্য, আর জি কর কান্ডের প্রতিবাদ এবং স্বাস্থ্য ক্ষেত্রে নিরাপত্তার দাবিতে আজ থেকে ১০ দিন তারা ধর্নায় দিতে চায়। এই অবস্থানে সাধারণ মানুষের কোন সমস্যা হবে না বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ শিক্ষাবর্ষে দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য লুই ব্রেইল মেমোরিয়াল স্কুল ফর দ্যা সাইটলেসের পক্ষ থেকে আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে। ভগুনীর মাখলা উত্তরপাড়ার বিড়লা রোডে অবস্থিত এই স্কুলে শিশু শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীরা সম্পূর্ণ বিনা খরচে আবাসিক শিক্ষার সুযোগ পাবে। এজন্য সাদা কাগজে করা আবেদনের সঙ্গে প্রতিবন্ধী শংসাপত্র এবং জন্ম তারিখের প্রত্যায়িত নকল জমা দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা প্রকৃত অথেই হবে খোলা আকাশের নিচে। পাবলিশার্স এন্ড বুক সেলারস গিল্ডের পক্ষ থেকে গতকাল এক সাংবাদিক বৈঠকে সম্পাদক সুধাংশু শেখর দে জানান, গতবছরের তুলনায় এবারে স্টলের সংখ্যা বাঢ়ছে না। স্লটলেকের বইমেলা প্রাঙ্গণে আগামী ২৮ শে জানুয়ারী থেকে শুরু হতে চলা মেলায় এবার থাকছে না কোন হলও।

(বাইট- সুধাংশু)

এবারের মেলায় নারায়ণ সান্যাল, সলিল চৌধুরী, খত্তিক ঘটক, তপন সিনহা ও অরুণ্ধতী দেবীকে শতবার্ষিকী সম্মান জানানো হবে এবং উদযাপন করা হবে কাজী নজরুল ইসলাম ও জীবনানন্দ দাশের ১২৫ তম জন্মবর্ষ পূর্তি। এ বারের থিম কান্তি জার্মানি সেই কারণে মেলার নটি প্রবেশদ্বারের মধ্যে জার্মান সাহিত্যিক গ্যোটে ও জার্মান ভাষাবিদ ম্যাস্ক মূলারের নামে দুটি গেট তৈরী হচ্ছে। নটি দ্বার দিয়েই ঢোকা এবং বেরোনো যাবে। থাকছে নতুন ম্যাসকট।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগরে ফের একটি নিম্নচাপ তৈরি হওয়ার কারণে দক্ষিণবঙ্গ জুড়ে গত কয়েকদিন ধরে চলা শীতের প্রকোপ আপাতত কমতে চলেছে। তাপমাত্রা এখনই আর নামবে না বলে আবহাওয়া দফতর জানিয়েছে। আগামী কয়েক দিনে তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

তবে শীতের আমেজ বজায় থাকবে। আগামী শুক্রবার দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হাঞ্চা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা দশমিক ১ ডিগ্রী কম।

০০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, পাঞ্জাব এফ সি, র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১১ ম্যাচে সাত পয়েন্ট নিয়ে ইস্টবেঙ্গল পয়েন্ট তালিকার একাদশ স্থানে আছে। পঞ্চম স্থানে থাকা পাঞ্জাবের দশ ম্যাচে পয়েন্ট ১৮।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০